দৈনিক বাংলা

তারিখ 15 SEP 1995
পৃষ্ঠা ২ কলাম ৩

47

# ক্যাম্পাসে উত্তেজনা ঃ কৃষি ভার্সিটি বন্ধ ঘোষণা

**স্টাফ রিপোর্টার ঃ** ময়মনসিংহ, ১৪ সেপ্টেম্বর।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও আবাসিক হলসমূহ বৃহস্পতিবার থেকে আগামী ৪ অক্টোবর পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, কর্তৃপক্ষীয় নির্দেশে ছাত্র-ছাত্রীরা আজ সকাল ৯টার মধ্যে আবাসিক হল ত্যাগ করে। বন্ধ ঘোষণায় দুর্গাপূজার ছুটি অন্তর্ভুক্ত রয়েছে। কৃষি কলেজের পরীক্ষা কেন্দ্রসমূহ ছাড়া ৪ অক্টোবর পর্যন্ত সকল পরীক্ষা স্থগিত থাকবে। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের এক বৈঠকে গতকাল গভীর রাতে কৃষি বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতি বিশ্লেষণপূর্বক ডীন পরিষদ ও প্রভোস্ট পরিষদের সুপারিশক্রমে ক্লাস ও আবাসিক হলসমূহ বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ময়মনসিংহ থেকে মিডিয়া সিন্ডিকেট আরও জানায়, কৃষি বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের ভিপি ও জিএস-এর নেতৃত্বে বিবদমান দু'টি উপদলের মাঝে চরম উত্তেজনা দেখা দিলে কর্তৃপক্ষ ভার্সিটি বন্ধের এ সিদ্ধান্ত নেয়। ভাইস-চ্যান্সেলর ডঃ শাহ মোহাম্মদ ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত ডীন পরিষদ ও প্রভোস্ট পরিষদের যৌথ সভায় আগামী ৪ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। ভিপি শাহাদাত হোসেন চঞ্চল ও জিএস তুফা গ্রুপের মধ্যে গত রাত থেকে নতুন করে উত্তেজনা দেখা দেয়। এ পরিস্থিতিতে ক্যাম্পাসে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে তীব্র উত্তেজনা বিরাজ করছে।